

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
চুনাকুঘাট, হবিগঞ্জ।

স্মারক নং- ৩২.০১.৩৬২৬.০০০.০০.১৩৯.২২-০৭

তারিখঃ ১৭ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ


নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তর এর আওতাধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের আওতায় চুনাকুঘাট উপজেলার অধীনে স্থাপিত ক্লাবসমূহের জন্য দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	পদের নাম, বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
০১।	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	১১ জন	এস.এস.সি. পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/ সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। নারী আবেদনকারীদের অগ্রাধিকার দেওয়া হবে।
০২।	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	১১ জন	এস.এস.সি. পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/ রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পী/ আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত। নারী আবেদনকারীদের অগ্রাধিকার দেওয়া হবে।

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে আগামী ৩১/০১/২০২২ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার চুনাকুঘাট উপজেলা বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।
- ০২। সংগীত শিক্ষক/আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ০৩। সরকার নির্ধারিত কোটায় (শহীদ মুক্তিযোদ্ধা বা মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধাদের সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) আবেদনকারীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ০৪। ৩০/০১/২০২২ তারিখ সংশ্লিষ্ট পদের আবেদনকারীদের বয়স অনুর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে। তবে নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য আবেদনকারী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ আবেদনকারীদের ক্ষেত্রে বয়স শিথিল যোগ্য।
- ০৫। আবেদন পত্রের সাথে আবেদনকারীর সম্প্রতি তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।
- ০৬। আবেদন পত্রের খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখ করতে হবে।
- ০৭। চাকুরীরত আবেদনকারীদের আবেদন পত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- ০৮। আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ০৯। নির্ধারিত তারিখের পর এবং অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১০। বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১১। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১২। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


(সিদ্ধার্থ ভৌমিক)

উপজেলা নির্বাহী অফিসার
চুনাকুঘাট, হবিগঞ্জ।

তারিখঃ ১৭ জানুয়ারি ২০২২ খ্রিষ্টাব্দ

স্মারক নং- ৩২.০১.৩৬২৬.০০০.০০.১৩৯.২২-

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলেঃ-

- ০১। প্রকল্প পরিচালক, “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্প, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, চুনাকুঘাট, হবিগঞ্জ।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, চুনাকুঘাট, হবিগঞ্জ।
- ০৪। উপ পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, হবিগঞ্জ।
- ০৫। অফিস কপি।


(সিদ্ধার্থ ভৌমিক)

উপজেলা নির্বাহী অফিসার
চুনাকুঘাট, হবিগঞ্জ।